

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৬১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

بَابُ الشَّفَقَةِ وَالرَّحْمَةِ عَلَى الْخَلْق

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا يُؤمن أحد حَتَّى يُحِبُّ لِأَخْفِهِ مَا يُحِبُّ لِنَفْسِهِ» . مُتَّفَقٌ عَلَيْهِ

#### বাংলা

৪৯৬১-[১৫] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সে মহান সত্তার শপথ! যাঁর হাতে আমার প্রাণ, বান্দা ততক্ষণ পর্যন্ত (পরিপূর্ণ) ঈমানদার হবে না, যতক্ষণ না সে নিজের (মুসলিম) ভাইয়ের জন্য সে জিনিস পছন্দ করবে, যা সে নিজের জন্য পছন্দ করে। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৩, মুসলিম ৭২-(৪৫), ১০৭-(১৫৯৯); নাসায়ী ৫০১৭, তিরমিয়ী ২৫১৫, সহীহুল জামি' ৭৫৮৩, আবূ ইয়া'লা ৩১৮৩, সহীহ ইবনু হিবান ২৩৪, শু'আবুল ঈ'মান ১১১২৫, সুনানুন্ নাসায়ী আল কুবরা ১১৭৭০, দারিমী ২৭৪০, আল মু'জামুল আওসাত্ব ৮২৯২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ يؤمن 'তারা ঈমানদার হতে পারবে না' যারা ঈমানের দাবী করে অর্থাৎ নিজেদেরকে মু'মিন বলে পরিচয় দেয়। হাফিয ইবনু হাজার 'আসকালানী (রহিমাহুল্লাহ) বলেনঃ 'তারা ঈমানদার হতে পারবে না।' এ কথার অর্থ হলো পূর্ণ ঈমানদার হতে পারবে না।

খুনাত খুন



অথবা পারলৌকিক হোক। এর মধ্যে থেকে হারাম বিষয়গুলো বাদ যাবে। (ফাতহুল বারী ১ম খন্ড, হাঃ ১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন